গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা -৩
www.mohpw.gov.bd.

নম্বরঃ ২৫.০০.০০০০.০১৫.৯৯.০০১.১৫ (অংশ-২) -৭৪৭

তারিখঃ ২৮ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ
১৩ অক্টোবর ২০২১ খ্রিঃ

বিষয়ঃ ১৮ অক্টোবর ২০২১ তারিখ 'শেখ রাসেল দিবস' উদযাপন ও করণীয় নির্ধারণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।

আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখ 'শেখ রাসেল দিবস' উদযাপন ও করণীয় নির্ধারণের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিতে একটি সভা অনুষ্ঠিত হয়। সভার অনুমোদিত কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো। উল্লেখ্য, কার্যবিবরণীর সফট্‌কপি দপ্তর/সংস্থার ই-মেইল ঠিকানায় প্রেরণ করা হয়েছে।

সংযুক্তিঃ বর্ণনা মতে-০২ ফর্দ।

(অভিজিৎ রায়)
উপসচিব
তারালাপনঃ ৯৫১২২৩১

বিতরণ (জ্ঞতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন)/ (প্রশাসন-২)/ (উন্নয়ন-১)/ (উন্নয়ন-২)/ (অডিট)/ (মনিটরিং)/ (আইন উপদেষ্টা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
০২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা এবং চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
০৪। চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ(চউক)/খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ(খুউক)/রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ (রাউক)/কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ (কউক)।
০৫। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, স্থাপত্য ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
০৬। যুগ্মসচিব, (উন্নয়ন-২) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। মহাপরিচালক, এইচবিআরআই, মিরপুর রোড, দারুসসালাম, ঢাকা।
০৮। পরিচালক, সরকারী আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১০। উপসচিব, প্রশাসন শাখা/অধিশাখা-১/২/৩/৫/৬/১৭ উন্নয়ন শাখা/অধিশাখা-৭/৮/৯/১৪/১৫ / অধিশাখা-১১ বাজেট শাখা-৪/ উপপ্রধান (পরিকল্পনা) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
১১। উপসচিব, প্রশাসন শাখা/অধিশাখা-১/২/৬/১২/১৭ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
১২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। আইন কর্মকর্তা-১/২, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সিস্টেম এ্যানালিস্ট (আইসিটি), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। **(সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।**
১৬। পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব-১০/১২/১৩/১৬, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান-১/২/৩, পরিকল্পনা ও বাস্তবায়ন কোষ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
১৯। রেজিস্ট্রার, ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুনবাগিচা, ঢাকা।

Atique letter 21

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohpw.gov.bd

| | | |
|---|---|---|
| বিষয় | : | আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখ 'শেখ রাসেল দিবস' উদযাপন ও করণীয় নির্ধারণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | জনাব মোঃ শহীদ উল্লা খন্দকার, সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়। |
| তারিখ ও সময় | : | ১২ অক্টোবর ২০২১, দুপুর ০২.০০ টা। |
| স্থান | : | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (ভবন নম্বর: ০৫, কক্ষ নম্বর: ২০৪)। |
| **উপস্থিতির তালিকা** | : | **পরিশিষ্ট- ক** |

সভাপতি সভায় উপস্থিত প্রধান অতিথি এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব শরীফ আহমেদ এম. পি-কে আন্তরিক সম্ভাষণ এবং সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভাকে অবহিত করেন যে, গত ২৩ আগস্ট ২০২১ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে প্রতিবছর ১৮ অক্টোবর তারিখ 'শেখ রাসেল দিবস' ঘোষণা এবং উক্ত তারিখকে শেখ রাসেল দিবস হিসেবে পালন/উদযাপনের নিমিত্ত জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের ২৭ সেপ্টেম্বর ২০২০ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৫৪২ সংখ্যক পরিপত্রের 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে অন্তর্ভুক্তকরণের সিদ্ধান্ত গ্রহণ করেছে। আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখ জাতীয়ভাবে দেশব্যাপী বর্ণাঢ্য আয়োজনে **শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস, অদম্য আত্মবিশ্বাস** প্রতিপাদ্যে ১ম বার **'শেখ রাসেল দিবস, ২০২১'** উদযাপন করা হবে। ইতোমধ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সমন্বয় করে জাতীয় কর্মসূচি প্রণয়ন করেছে। অতঃপর সচিব মহোদয়ের অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন অধিশাখা-৩) সভাকে অবহিত করেন যে, শেখ রাসেল দিবস উদযাপনে এ মন্ত্রণালয়ের কার্যক্রম নিম্নরূপঃ

**আলোচ্যসূচি ০১:** আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখ দিবসের প্রত্যূষে সকাল ০৭.০০ টায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অফিস প্রাঙ্গণে শেখ রাসেল-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন।

**আলোচ্যসূচি ০২:** আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীগণ ও মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণের সমন্বয়ে ওসমানী স্মৃতি মিলনায়তনে একটি আলোচনা সভার আয়োজন।

উক্ত কর্মসূচি বাস্তবায়নে করণীয় নির্ধারণের বিষয়ে দপ্তর/সংস্থার প্রধানগণ এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। মাননীয় প্রতিমন্ত্রী শেখ রাসেলের জন্মদিন যথাযথ মর্যাদার সাথে পালনের জন্য সকলকে সদয় নির্দেশনা প্রদান করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক) প্রধানমন্ত্রীর কার্যালয় হতে অনুমোদনকৃত শেখ রাসেল এর ছবির সাইজ **(দৈর্ঘ্য ০৪ ফুট X প্রস্থ ০৩ ফুট)** অনুযায়ী তৈরিকৃত প্রতিকৃতিতে আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখ সকাল ০৭.০০ টায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের কনফারেন্স রুমে পুষ্পস্তবক অর্পণ করতে হবে। মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা স্ব-স্ব অফিস প্রাঙ্গনে/হলরুমে নির্ধারিত সময়ে শেখ রাসেল এর অনুমোদনকৃত প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করবে।

বাস্তবায়নেঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থা।

খ) আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখ দুপুর ০২.০০ টায় শেখ রাসেল এর জীবনী সম্পর্কে ওসমানী স্মৃতি মিলনায়তনে একটি আলোচনা সভা আয়োজন করতে হবে। আলোচনা অনুষ্ঠানে শেখ রাসেল এর জীবনী সম্পর্কে অবগত এমন বিশেষজ্ঞ আলোচক/ বক্তা নির্বাচন করতে হবে। মন্ত্রণালয়ের নিম্নের কর্মকর্তাগণ আলোচনা সভার জন্য বিশেষজ্ঞ আলোচক/ বক্তা নির্বাচন করবেনঃ

| ক্রম | কর্মকর্তার নাম ও পদবী | | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ হেমায়েত হোসেন, অতিরিক্ত সচিব | - | সভাপতি |
| ২. | জনাব মোঃ শহীদুল আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) | - | সদস্য |
| ৩. | বেগম নায়লা আহমেদ, উপসচিব | - | সদস্য সচিব |

খ) (১) শেখ রাসেলের ৫৭তম শুভ জন্মদিন উপলক্ষ্যে একটি কেক কেটে আলোচনা সভার কার্যক্রম শুরু করতে হবে। মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা মন্ত্রণালয়ের অনুরূপ আলোচনা অনুষ্ঠান ও কেক কাটার ব্যবস্থা নিবেন। ঢাকাস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ ওসমানী স্মৃতি মিলনায়তনে সরাসরি উপস্থিত থাকবেন। ঢাকার বাইরের দপ্তর/সংস্থাসমূহ ১৮ তারিখে সুবিধাজনক সময়ে উল্লিখিত কর্মসূচি বাস্তবায়ন করবে।

বাস্তবায়নেঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থা।

গ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং শোক দিবস উদযাপন উপলক্ষ্যে ব্যানার, ফেস্টুন এর মাধ্যমে যেভাবে সাজসজ্জাকরণ করা হয় ঠিক সেইভাবে শেখ রাসেল দিবসেও বিভিন্ন ধরণের ব্যানার, ফেস্টুন এর মাধ্যমে সাজসজ্জাকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে। মন্ত্রণালয়ের জন্য গণপূর্ত অধিদপ্তর ব্যানার, ফেস্টুন তৈরি করে দিবে। অন্যান্য দপ্তর/সংস্থা নিজস্ব উদ্যোগে ব্যানার, ফেস্টুন তৈরি করবে।

বাস্তবায়নেঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থা।

ঘ) শেখ রাসেল এর জন্মদিন উপলক্ষ্যে গণপূর্ত অধিদপ্তর বাংলাদেশ সচিবালয়, ওসমানী স্মৃতি মিলনায়তন ও তদসংলগ্ন এলাকা সজ্জিতকরণের উদ্যোগ গ্রহণ করবে। মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা নিজস্ব উদ্যোগে অনুরূপ কর্মসূচি গ্রহণ করবে।

বাস্তবায়নেঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থা।

ঙ) শেখ রাসেল এর জন্মদিন উপলক্ষ্যে প্রত্যেক দপ্তর/সংস্থা নিজস্ব কর্মপরিকল্পনা নির্ধারণ এবং বাস্তবায়ন করে প্রতিবেদন আকারে মন্ত্রণালয়কে অবহিত করবে। প্রাপ্ত প্রতিবেদন সমন্বয় করে মন্ত্রণালয় হতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নেঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থা।

চ) শেখ রাসেল এর জন্মদিন উপলক্ষ্যে ব্যয়িত অর্থ প্রত্যেক দপ্তর/সংস্থা নিজস্ব তহবিল হতে নির্বাহ করবে।

বাস্তবায়নেঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থা।

ছ) আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখ জাতীয়ভাবে **শেখ রাসেল দীপ্ত জয়োল্লাস, অদম্য আত্মবিশ্বাস** প্রতিপাদ্যে ১ম বার **'শেখ রাসেল দিবস, ২০২১'** উদযাপনের নিমিত্ত নিম্নোক্তভাবে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | কর্মকর্তার নাম ও পদবী | | কমিটিতে অবস্থান |
|---|---|---|---|
| ১. | কাজী ওয়াছি উদ্দিন, অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) | - | সভাপতি |
| ২. | জনাব অভিজিৎ রায়, উপসচিব (প্রশাসন অধিশাখা-৩) | - | সদস্য |
| ৩. | গণপূর্ত অধিদপ্তর এর ০১ জন প্রতিনিধি | - | সদস্য |
| ৪. | রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ এর ০১ জন প্রতিনিধি | - | সদস্য |
| ৫. | জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর ০১ জন প্রতিনিধি | - | সদস্য |
| ৬. | স্থাপত্য অধিদপ্তর এর এর ০১ জন প্রতিনিধি | - | সদস্য |
| ৭. | সরকারি আবাসন পরিদপ্তর এর ০১ জন প্রতিনিধি | - | সদস্য |
| ৮. | এইচবিআরআই এর ০১ জন প্রতিনিধি | - | সদস্য |
| ৯. | নগর উন্নয়ন অধিদপ্তর এর ০১ জন প্রতিনিধি | - | সদস্য |
| ১০. | অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর এর ০১ জন প্রতিনিধি | - | সদস্য |
| ১১. | জনাব মুহাম্মদ ইকবাল হসাইন, উপসচিব (উন্নয়ন শাখা-১৫) | - | সদস্য সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) কমিটি মন্ত্রিপরিষদ বিভাগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের নির্দেশনা অনুযায়ী শেখ রাসেল এর শুভ জন্মদিন যথাযথ মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে মন্ত্রণালয়সহ নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থার সকল কার্যক্রম তদারকি করবে এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

খ) আগামী ১৮ অক্টোবর ২০২১ তারিখ দুপুর ০২.০০ টায় শেখ রাসেল এর জীবনী সম্পর্কে ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিতব্য আলোচনা অনুষ্ঠান শেষে দোয়া মাহফিলের আয়োজন করবে। দোয়া মাহফিল আয়োজনের জন্য ০১ (এক) জন মাওলানা নির্বাচন করতে হবে এবং দোয়ার স্ক্রিপ্ট তৈরি করে দিতে হবে।

গ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/১০/২১

(মোঃ শহীদ উল্লা খন্দকার)
সচিব